




## প্রেস বিজ্ঞপ্তি

### ডি-নথির যুগে প্রবেশ করল বরিশাল বিশ্ববিদ্যালয়

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২১ মার্চ ২০২৪খ্রিঃ

ডি-নথি বা ডিজিটাল নথির যুগে প্রবেশ করল বরিশাল বিশ্ববিদ্যালয়। অদ্য ২১ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে এ কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। প্রাথমিক ভাবে বিশ্ববিদ্যালয়ের ৯ টি দপ্তরে এ ডিজিটাল নথি কার্যক্রম পরিচালিত হবে। ধারাবাহিকভাবে বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর ও বিভাগগুলোকে এ কার্যক্রমের আওতাভুক্ত করা হবে। এদিকে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ডিজিটাল নথি বাস্তবায়ন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। কোর্স পরিচালক ছিলেন রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম। বরিশাল বিশ্ববিদ্যালয়ে ডি-নথি বাস্তবায়ন কমিটি আয়োজিত এ প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়ের কার্যালয়, ট্রেজারার মহোদয়ের কার্যালয়, রেজিস্ট্রারের কার্যালয়, অর্থ ও হিসাব পরিচালকের কার্যালয়, পরিকল্পনা ও উন্নয়ন অফিস, পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়, প্রকৌশল দপ্তর, নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তর এবং ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের ৩০ জন সিনিয়র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, দেশের সকল সরকারি প্রতিষ্ঠানগুলোকে ডিজিটলাইজেশন যে উদ্যোগ সরকার গ্রহণ করেছে তার মধ্যে অন্যতম হচ্ছে ডি-নথি বা ডিজিটাল নথি ব্যবস্থাপনা। ডি-নথির উদ্দেশ্য হচ্ছে দেশের সরকারি কর্মকর্তাদের বৃহত্তর অংশকে সংযুক্ত করে রিয়েল-টাইম সিদ্ধান্ত গ্রহণ এবং সরকারী অফিসগুলির কার্যক্রম পরিচালনার জন্য ই-গভর্নেন্স এর মাধ্যমে সমাধান প্রদান করা এবং সারা দেশ জুড়ে অফিসসমূহে "কাগজবিহীন" কার্যক্রম পরিচালনা করা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



মো. ফয়সল মাহমুদ  
উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়